


স্বাক্ষরিত
 ডায়েরী নং- ১৬.০০.০০০০.০২২.৩৩.০০৯.২০-১৮২
 "মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা
 হজ ব্যবস্থাপনা"
 হজ অফিস
 হজ অফিস

১৬/১০/২০২০
 ০৭/১০/২০২০



একই নম্বর ও তারিখের স্থলাভিষিক্তক্রমে
 গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
 ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
 হজ অনুবিভাগ
 বাংলাদেশ সচিবালয়, ঢাকা
 www.hajj.gov.bd

স্মারক নং- ১৬.০০.০০০০.০২২.৩৩.০০৯.২০-১৮২

তারিখ: ২০ আশ্বিন ১৪২৭
 ০৫ অক্টোবর ২০২০

জরুরি বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কোভিড-১৯ এর কারণে রাজকীয় সৌদি সরকার থেকে পবিত্র ওমরাহ পালনের কোন আনুষ্ঠানিক পত্র অদ্যাবধি পাওয়া যায়নি। তাসত্ত্বেও কতিপয় ব্যক্তি ও কিছু এজেন্সি Facebook বা সামাজিক যোগাযোগ মাধ্যমে নির্দিষ্ট দিন উল্লেখ করে পবিত্র ওমরাহ পালনের বিজ্ঞাপন দিচ্ছে। এতে ধর্মপ্রাণ সাধারণ মুসলিম জনসাধারণের প্রতারণিত হবার সম্ভাবনা রয়েছে। ইতোমধ্যে এ ধরণের কর্মকান্ডের কারণে বিধি মতে আইনানুগ ব্যবস্থা নেওয়া হচ্ছে। রাজকীয় সৌদি সরকার থেকে পবিত্র ওমরাহ পালনের অনুমতি পাওয়া সাপেক্ষে ধর্ম বিষয়ক মন্ত্রণালয় থেকে এ সংক্রান্ত বিজ্ঞপ্তি জারী করা হবে। তার পূর্বে কোন এজেন্সি বা ব্যক্তিকে এ ধরণের প্রচারণা থেকে বিরত থাকার জন্য অনুরোধ করা হলো। এতদ্ব্যতীত ওমরাহ গমনেচ্ছু সকলকে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের ঘোষণার পূর্বে কারো সাথে এ সংক্রান্ত লেনদেন না করার জন্যও অনুরোধ করা হলো।

০২। বিষয়টি অতীব জরুরি।

আবুল কাশেম মুহাম্মদ শাহীন
 সিনিয়র সহকারী সচিব
 ফোন: ৯৫৮৪৩২২
 e-mail: morahajsection@gmail.com

নং- ১৬.০০.০০০০.০২২.৩৩.০০৯.২০-১৮২

তারিখঃ ০৫/১০/২০২০ খ্রিঃ

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
২. সিনিয়র সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. প্রধান তথ্য কর্মকর্তা, গণযোগাযোগ অধিদপ্তর, ঢাকা।
৫. বিভাগীয় কমিশনার, বিভাগ (সকল)।
৬. কাউন্সেলর (হজ), বাংলাদেশ হজ অফিস, জেদ্দা, সৌদি আরব।
৭. পরিচালক, হজ অফিস, আশকোনা, বিমানবন্দর, ঢাকা (সংশ্লিষ্ট ওমরাহ এজেন্সিকে অবহিতকরণের অনুরোধসহ)।
৮. জেলা প্রশাসক, (সকল)।
৯. উপজেলা নির্বাহী অফিসার, (সকল)।
১০. সিনিয়র তথ্য কর্মকর্তা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১. সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১২. সিস্টেমস এনালিস্ট, আইসিটি শাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (বিজ্ঞপ্তিটি www.mora.gov.bd ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৩. অতিরিক্তসচিব (হজ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪. সভাপতি/মহাসচিব, হজ এজেন্সিজ এ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (হাব), নয়াপল্টন, ঢাকা (বিষয়টি হজ ও ওমরাহ এজেন্সির স্বত্বাধিকারীদের জানানোর অনুরোধসহ)।
১৫. ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লি. ১২ কাওরান বাজার, ঢাকা (বিজ্ঞপ্তিটি www.hajj.gov.bd ওয়েবসাইটে প্রকাশসহ সকল এজেন্সির ই-মেইলে প্রেরণের জন্য অনুরোধ করা হ'ল)।
১৬. স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালক, (সকল ওমরাহ এজেন্সি)।
১৭. অফিস কপি।

আবুল কাশেম মুহাম্মদ শাহীন
 সিনিয়র সহকারী সচিব